# আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস ইউনিট ফান্ডের বিশেষ সভা




ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) ট্রাস্টির অধীনে এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস ইউনিট ফান্ডের বিনিয়োগকারীদের উপযুক্ততার আওতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিট মালিকদের মতামত গ্রহণসংক্রান্ত বিশেষ সভা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। ওই সভায় আইসিবির ব্যবস্থাপনা পরিচালক মো. আবুল হোসেন, সাবসিডিয়ারি কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তারা, মহাব্যবস্থাপক ও ফান্ডের বিনিয়োগকারীরা উপস্থিত ছিলেন।